

সিডনীতে জনাব আবুল হাশেমের সংবর্ধনা

কায়সার আহমেদ: যুক্তরাজ্য আওয়ামী লীগ শাখার সাধারণ সম্পাদক প্রবীণ রাজনীতিবিদ আবুল হাশেমকে সংবর্ধনা দিল বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া (Bangabandhu Society of Australia)।



প্রধান বক্তা হিসেবে জনাব আবুল হাশেম তার দীর্ঘদিনের রাজনৈতিক অভিজ্ঞতা বর্ণনা করে দেশের বর্তমান পরিস্থিতির বিস্তারিত আলোচনা করেন।

সংবর্ধনা উপলক্ষে ২৫শে মার্চ ২০০৮ সন্ধ্যা সাতটায় স্থানীয় এক রেস্টুরেন্টে আয়োজিত নৈশ ভোজ

সভায় সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত সভাপতি মোহাম্মদ উসমান গনি। অনুষ্ঠানে মূল বক্তব্য উপস্থাপন করেন সংগঠনের সভাপতি ড. নুরুর রহমান খোকন। সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র অনুষ্ঠানটি পরিচালনার দায়িত্বে ছিলেন। অনুষ্ঠানে সংগঠনের সদস্যবৃন্দ ছাড়াও সিডনিস্থ বিভিন্ন সংগঠনের কর্মকর্তা ও মিডিয়া ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন।